যুগান্তর

তারিখ 21 SEP 2016
পৃষ্ঠা ৩৭ কলাম ৩

# কলেজ অধ্যক্ষদের কর্মশালা অধ্যক্ষরা হবেন একাডেমিক লিডার

—জাতীয় বিশ্ববিদ্যালয় ভিসি

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেছেন, কলেজ শিক্ষার মানোন্নয়ন এখন আমাদের অগ্রাধিকার। এ ক্ষেত্রে অধ্যক্ষদের বিশেষ ভূমিকা পালন করতে হবে। ফাইল স্বাক্ষর আর রুটিন ওয়ার্কের মধ্যে সীমাবদ্ধ থাকা নয়, তাদের হতে হবে স্ব স্ব প্রতিষ্ঠানের একাডেমিক লিডার। শিক্ষা কার্যক্রম মনিটরিংয়ে তাদের অধিকতর দৃষ্টি দিতে হবে। অধ্যক্ষদের নেতৃত্বের ওপরই নির্ভর করবে সার্বিক শিক্ষার উন্নয়ন। মঙ্গলবার সকালে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহের অধ্যক্ষদের নিয়ে 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' বিষয়ক এক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে প্রথমবারের মতো আয়োজিত এ কর্মশালায় প্রথম ব্যাচে বিভিন্ন কলেজের একশ' জন অধ্যক্ষ অংশগ্রহণ করেন। ২২টি ব্যাচে দুই হাজার ২০০ কলেজের অধ্যক্ষরা পর্যায়ক্রমে এ কর্মশালায় অংশ নেবেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ড. মো. আসলাম ভূঁইয়া, প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, ট্রেজারার অধ্যাপক মো. নোমান উর রশীদ, ডিন, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধান এবং শিক্ষক-কর্মকর্তারা।